# বোদা উপজেলা পরিষদের জুলাই, ২০২৪ মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ ফারুক আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বোদা, পঞ্চগড়।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বোদা।

তারিখ : ১১ জুলাই, সময় : সকাল ১০.০০ টা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা নথিতে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোদাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

জুন, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়ীকরণ করা হয়। এসময় গত মাসের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভায় বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | বোদা পৌরসভা : মেয়র, বোদা পৌরসভা, বোদা সভায় জানান যে, মশা নিধন, ড্রেনেজ, জলাবদ্ধতা নিরশন কার্যক্রম চলমান রয়েছে। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | মেয়র, বোদা পৌরসভা, বোদা, পঞ্চগড়। |
| ০২ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বোদা সভায় জানান যে জুন/২৪ মাসে (১) বহি : বিভাগে রোগীর সংখ্যা ৭,৬৪৮ জন (২) অন্ত : বিভাগে রোগীর সংখ্যা ৮৬৫ জন (৩) জরুরী বিভাগে রোগীর সংখ্যা ৬৯৮ জন (৪) এএনসির সেবা ৪২৩ জন (৫) পিএনসির সংখ্যা ৫৫ জন (৬) নরমাল ডেলিভারী সংখ্যা ২৭ জন ও সিজার ০৫ জন (৭) ইপিআই টিকা দেওয়া হয়েছে ৫,২৬৮ জন (৮) ল্যাবরেটরী হতে পরীক্ষা করা হয়েছে ৬৭০ জন (৯) ইসিজি রোগীর সংখ্যা ৯৮ জন (১০) এ্যাম্বুলেন্স রোগীর সংখ্যা ৫৪ জন (১১) কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা দেওয়া হয়েছে ২২,১২৮ জন। তিনি আরও জানান যে, হাসপাতালের চর্তুপার্শ্বে পানি নিষ্কাশনের জন্য কোন ড্রেনেজ ব্যবস্থা নেই। বর্ষাকালে একটু পানি হলেই প্রায় দুই থেকে তিন দিন পর্যন্ত পানি লেগে থাকে। হাসপাতালে ড্রেনেজ ব্যবস্থা করার মেয়র, বোদা পৌরসভাকে অনুরোধ জানান। | সরকারি ভাবে বরাদ্দ পাওয়া গেলে হাসপাতালে ড্রেনেজ ব্যবস্থা কার্যক্রম গ্রহণ করা হবে এবং অন্যান্য চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | ১। মেয়র, বোদা পৌরসভা, বোদা, পঞ্চগড়।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বোদা, পঞ্চগড়। |
| ০৩ | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা, বোদা সভায় জানান যে, বোদা উপজেলায় ২৪,০৩০ হেক্টর জমিতে আমনের লক্ষ্যমাত্রা রয়েছে। চারা রোপন শুরু হয়েছে। অধিকাংশ ক্ষেত্রে দোগচি চারা রোপন হচ্ছে। অধিক বৃষ্টিপাতের কারণে জলাবদ্ধতা তৈরী হয়েছে। জুলাই মাসের বরাদ্দকৃত সারের উত্তোলন চলমান রয়েছে। ইউরিয়া ১,৩৮২ মেট্রিকটন, টিএসপি ৩০৫ মেট্রিকটন, ডিএপি ২৫১ মেট্রিকটন এবং এমওপি সার ৪৯৫ মেট্রিকটন। তাঁর বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সঠিক বয়সের চারা রোপন করতে হবে। সেচ নালা পরিষ্কার রাখতে হবে। জমির অতিরিক্ত পানি বের করে দিতে হবে এবং সরকারি নীতিমালা মোতাবেক অন্যান্য সকল কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বোদা সভায় নিম্নোক্ত তথ্য উপস্থাপন করেন (১) গবাদি প্রাণির টিকা প্রদান : ৩,২০০ মাত্রা। (২) হাস মুরগির টিকা প্রদান : ১,৪৩,২০০ মাত্রা (৩) কৃত্রিম প্রজনন সংক্রান্ত তথ্য : তরল সিমেন দ্বারা-২৯১ মাত্রা, হিমায়িত সিমেন দ্বারা ৯৯১ মাত্রা। (৪) সংকর জাতের গবাদি পশু বাছুর উৎপাদন ২৯০ টি। কৃত্রিম প্রজনন থেকে ৮৮,৮৭৫/- টাকা রাজস্ব আদায় এবং টিকাবীজ থেকে ৫২,০৫০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বোদা, পঞ্চগড় |
| ০৫ | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য অফিসার, বোদা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদযাপন হবে। মৎস্য সপ্তাহ পুরুষ্কারের জন্য মৎস্য চাষীর আবেদন গ্রহণ করা হচ্ছে। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা বোদা, পঞ্চগড়। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা প্রকৌশলী : উপজেলা প্রকৌশলী বোদা সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা থেকে ০৭ জুলাই ২০২৪ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০০৩.১৬-৪২৬ নং স্মারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে (১) উপজেলা পরিষদের আবাসিক সাগরিকা ভবন মেরামত বাবদ ২৩,১১,০২৬/- টাকা (২) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের রাস্তা **Uni Block** দ্বারা সংস্কার করার জন্য ৬,০৯,৫৭৩/- টাকাসহ সর্বমোট ২৯,২০,৫৯৯/- টাকার প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। কয়েক দিনের মধ্যে টেন্ডার করা হবে। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের অফিস ভবন, ব্যাচলর ডরমিটরী ভবন, ইছামতি ভবন এবং তিস্তা ভবনের রং নষ্ট হয়ে গেছে। উক্ত ভবনগুলোর রং করার জন্য অনুরোধ জানান। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে (১) উপজেলা পরিষদের আবাসিক সাগরিকা ভবন মেরামত ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের রাস্তা **Uni Block** দ্বারা সংস্কার করার বিষয়ে সর্বমোট ২৯,২০,৫৯৯/- টাকা কাজ করার সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উপজেলা পরিষদের অফিস ভবন, ব্যাচলর ডরমিটরী ভবন, ইছামতি ভবন এবং তিস্তা ভবনের রং সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোদাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোদা, পঞ্চগড় ও উপজেলা প্রকৌশলী, বোদা, পঞ্চগড় |
| ০৭ | মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোদা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগ সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় উপস্থিত থেকে তার দপ্তর সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোদা, পঞ্চগড়। |
| ০৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার, বোদা সভায় জানান যে, জুন/২৪ মাসে অত্র উপজেলায় ১৭১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫ টি বিদ্যালয়ের বরাদ্দকৃত অর্থের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট চলমান রয়েছে। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার বোদা, পঞ্চগড়। |
| ০৯ | সমাজ সেবা বিভাগ : উপজেলা সমাজ সেবা অফিসার, বোদা সভায় জানান যে, বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা, অনগ্রসর বিশেষভাতা ও শিক্ষা উপবৃত্তি ২০২৩/২০২৪ অর্থ বছরে ভাতা উপকারভোগীদের মাঝে বিতরণ করা হয়েছে। ২০২৪/২০২৫ অর্থ বছরে ১ম কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই অথ্যাৎ আগামী ৩১/০৮/২০২৪ খ্রি: তারিখ এর মধ্যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ডভিত্তিক উপকারভোগীর স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন এবং ভেরিভিকেশনে প্রাপ্ত মৃত উপকারভোগী ও পুনঃবিবাহের কারণে বাদ পড়া বিধবা উপকারভোগীর পরিবর্তে নীতিমালা মোতাবেক প্রতিস্থাপনসহ যৌতিকতা বিবেচনায় মোবাইল হিসাব নম্বর এর সঠিকতা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়েছে। তাঁর বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট ভাতার সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১০ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বাস্তবায়নাধীন গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচীর আওতায় ১০০% কাজ সম্পন্ন করা হয়েছে।<br>তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১১ | জনস্বাস্থ্য বিভাগ : সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, বোদা সভায় জানান যে, বোদা উপজেলায় ৫২০ অগভীর নলকূপ পাওয়া গেছে ৩৪৩ টি অগভীর নলকূপের কাছ চলমান রয়েছে এবং ১৭৭ টি কাজ সমাপ্ত হয়েছে। প্রাথমিক বিদ্যালয়সমূহে ওয়াশবক্ষ নির্মাণের বরাদ্দ ১০৬ টি পাওয়া গেছে। ৪৬ টি কাজ চলমান রয়েছে, ৫৮ টি সমাপ্ত হয়েছে ও ১ টি কাজ এখনো শুরু করা হয়নি। প্রাথমিক বিদ্যালয়সমূহে পানি সরবরাহ ব্যবস্থা ২৬ টি, কাজ চলমান রয়েছে ১৪ টি এবং ১২ টি কাজ সমাপ্ত হয়েছে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১২ | পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোদা সভায় জানান যে, জুন/২০২৪ মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ছিল ৫৯,২৭৪ জন, স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে নারী ০২ জন, আইইউডি গ্রহণ করেছে ০২ জন, ইমপ্ল্যান্ট গ্রহণ করেছে ০৩ জন, খাবার বড়ি গ্রহণ করেছে ৪,১৬২ জন, কনডম ব্যবহার করেছে ১০,১৫১ জন। সর্বমোট গ্রহণকারী সংখ্যা ৫৯,২৭৪ জন। গ্রহণকারীর হার ৮১.৬৮%। তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ : যুব উন্নয়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, জুল্যাই মাস হতে সেপ্টেম্বর/২৪ পর্যন্ত জেলা পর্যায়ে ০৩ মাস মেয়াদী গবাদীপশু, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ ও এদের প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে ১৫ জন যুব/মহিলাকে প্রেরণ করা হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে ১৪ টি ব্যাচে ৪২০ জন যুব/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদানেন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ উপজেলায় সর্বমোট ৭,৫৪০ জন যুব/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৪ | মহিলা বিষয়ক বিভাগ : মহিলা বিষয়ক কর্মকর্তা, বোদা সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগ সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় উপস্থিত থেকে তার দপ্তর সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৫ | সমবায় বিভাগ : উপজেলা সমবায় অফিসার, বোদা সভায় জানান যে, সমবায় সমিতির সংখ্যা ০২ টি। (ক) কেন্দ্রীক ০২ টি (খ) প্রাথমিক ১৫৬ টি। ট্রেলারিং এন্ড ড্রেস মেকিংস, ভ্রাম্যমাণ প্রশিক্ষণ, সিভিডিপি প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৬ | বন বিভাগ ঃ উপজেলা রেঞ্জ কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, বোদা, পঞ্চগড় । |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোদা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৮ | আনসার ভিডিপি বিভাগ : আনসার ভিডিপি কর্মকর্তা, বোদা সভায় জানান যে, উপজেলা পরিষদ নির্বাচন (২য় ধাপ) নিরাপত্তার কাজে ১০৪১ জন সদস্যের মধ্যে ১০০৯ জন সদস্যের ভাতা তাদের ব্যক্তিগত রকেট নম্বরে ০৪/০৭/২০২৪ খ্রিঃ তারিখে বিতরণ করা হয়েছে বাকি ৩২ জন সদস্যের ভাতা বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। ১ জন ভিডিপি সদস্যকে সেলাই মেশিন এবং ২ জন সদস্যকে মোটর ড্রাইভিং ও মেকানিক প্রশিক্ষণে পাঠানো হয়েছে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভডিপি কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ১৯ | তথ্য সেবা বিভাগ : তথ্য আপা কর্মকর্তা, বোদা সভায় জানান যে, জুন/২৪ মাসে ডোর টু ডোর ৬৩৮ জন সেবাগ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রে ২৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। এদের মধ্যে ৩০০ জনের ওজন পরিমাপ করে দেওয়া, তথ্যকেন্দ্রে ২৫ জনকে অনলাইনে আবেদন করে দেওয়া, তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান করাসহ অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।<br>ডোর টু ডোর এর জন্য মোট ৬০০ জন সেবাগ্রহিতার কার্যক্রম চলমান। জুন/২৪ মাসে ৫টি উঠান বৈঠকের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তথ্যকেন্দ্রের কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য আপা কর্মকর্তা, বোদা, পঞ্চগড়। |
| ২০ | বিবিধ : উপজেলা প্রকৌশল বিভাগ থেকে জানানো হয়, উপজেলা পরিষদে অবস্থিত বিভিন্ন গাছপালার ডাল বৃদ্ধি পেয়ে পরিষদের বিভিন্ন ভবনের ছাদের ক্ষতি করেছে। এ ডালপালাগুলো কেটে পরিষদের অনুমতি স্বাপেক্ষে নিলামে বিক্রয় করা যায়। তাছাড়া কিছু ফলের গাছ রয়েছে যেগুলোতে কোন ফল ধরে না। এ প্রেক্ষিতে গাছগুলো ডাল ছেটে সেখানে উন্নতজাতের কলম প্রতিস্থাপন প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে প্রযোজ্য গাছের ডালগুলো কেটে বনবিভাগ কর্তৃক মূল্য নির্ধারণ পূর্বক নিলামে বিক্রয় অন্তে প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো। | সরকারি নীতিমালা মোতাবেক গাছের ডালপালা কেটে নিলামে বিক্রয় অন্তে প্রাপ্ত অর্থ সংশ্লিষ্ট সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোদাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোদা, পঞ্চগড়<br>ও<br>উপজেলা রেঞ্জ কর্মকর্তা, বোদা, পঞ্চগড় । |

২১। ১৩/০৬/২৪ থেকে ১০/০৭/২০২৪ পর্যন্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সম্মানী, বাড়িভাড়া, ভ্রমণ ভাতা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী ও ভ্রমণ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে এবং পরিষদ কর্মচারিদের মজুরী, আপ্যায়ন ও আনুষঙ্গিকসহ বিভিন্ন অফিস/বাসা মেরামতের নিম্নোক্ত ব্যয়সমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| | | |
|---|---|---|
| ০১ | মেসার্স মায়া এন্টার প্রাইজ, জামাদার পাড়া, বোদা উপজেলা পরিষদ মসজিদের মেঝে ও ওয়াল টাইলস এবং ছাদে কংক্রিট স্কেডিং করণ, উপজেলা নির্বাহী অফিসারের বাসার সামনে নষ্ট রাস্তায় সিসি ঢালাই এবং বাসায় পাকিং টাইলসকরণ, উপজেলা পরিষদের পিছনে পশ্চিম দিকে অবশিষ্ট সীমানা প্রাচীর নির্মাণ, শিশু পার্কের অবশিষ্ট সীমানা প্রাচীর নির্মাণ, আবাসিক কোয়ার্টার করতোয়া ভবন সংস্কার এবং উপজেলা প্রকৌশলী অফিস ভবন ও টয়লেট সংস্কার করণ কাজের চুড়ান্ত বিল প্রদান | ২২,৯৮,০৭৩/- |
| ০২ | ঐ কাজের ১০% জামানত কর্তন | ২,৯৮,৪৫২/- |
| ০৩ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ১০% ভ্যাট কর্তন | ২,৯৮,৪৫২/- |
| ০৪ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৩% আয়কর কর্তন | ৮৯,৫৩৬/- |
| ০৫ | মোঃ আব্দুর রহমান, ঠিকাদার, বোদা উপজেলা পরিষদ বাউন্ডারী ওয়াল মেরামত ও রং করণ কাজের চুড়ান্ত বিল প্রদান | ১,৩৬,৬৫৮/- |
| ০৬ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ১০% ভ্যাট কর্তন | ১৫,৭০৮/- |
| ০৭ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৩% আয়কর কর্তন | ৪,৭১৩/- |
| ০৮ | মোঃ মোস্তাফিজুর রহমান, মুনস্টার হোটেল, বোদা এপ্রিল/২৪ মাসের মাসিক সধারণ সভার আপ্যায়ন বাবদ বিল প্রদান | ২১,১৬০/- |
| ০৯ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ৫% ভ্যাট কর্তন | ১,১৫০/- |
| ১০ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৩% আয়কর কর্তন | ৬৯০/- |
| ১১ | মোঃ মোস্তাফিজুর রহমান, মুনস্টার হোটেল, বোদা এপ্রিল/২৪ মাসের মাসিক সধারণ সভা, অন্যান্য সভা ও আনুষাঙ্গিক | ১০,৯১৫/- |
| ১২ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ৫% ভ্যাট কর্তন | ৭২৫/- |
| ১৩ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৩% আয়কর কর্তন | ৩৬০/- |
| ১৪ | মোঃ মোস্তাফিজুর রহমান, মুনস্টার হোটেল, বোদা জুন/২৪ মাসের মাসিক সধারণ সভার আপ্যায়ন বাবদ বিল প্রদান | ২১,১৬০/- |
| ১৫ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ৫% ভ্যাট কর্তন | ১,১৫০/- |
| ১৬ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৩% আয়কর কর্তন | ৬৯০/- |
| ১৭ | মোঃ মোস্তাফিজুর রহমান, মুনস্টার হোটেল, বোদা জুন/২৪ মাসের মাসিক সধারণ সভা, অন্যান্য সভা ও আনুষাঙ্গিক | ১০,৯১৫/- |
| ১৮ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ৫% ভ্যাট কর্তন | ৭২৫/- |
| ১৯ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৩% আয়কর কর্তন | ৩৬০/- |
| ২০ | মোঃ ফারুক আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা জুন/২৪ মাসের সম্মানী ভাতা বিল | ৩৭,৪৯৯/- |
| ২১ | দেব নারায়ন রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা জুন/২৪ মাসের সম্মানী ভাতা বিল | ২২,৫০০/- |
| ২২ | মোছাঃ লাইলী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা জুন/২৪ মাসের সম্মানী ভাতা বিল | ২২,৫০০/- |
| ২৩ | মোঃ সুজন আলী, মালী, উপজেলা পরিষদ, বোদা জুন/২৪ মাসের মুজুরী | ১৬,৫০০/- |
| ২৪ | মোঃ আব্দুল মোমিন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদ, বোদা জুন/২৪ মাসের মুজুরী | ১৬,৫০০/- |
| ২৫ | প্রহল্লাদ রায়, দেবত্তর পাড়া, চন্দনবাড়ী, বোদা জুন/২৪ মাসের রাত্রীকালিন উপজেলা পরিষদের অফিস চত্বর পাহারা | ৮,৪০০/- |
| ২৬ | মোঃ ফারুক আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা এপ্রিল/২৪ মাসের আংশিক ভ্রমণ বিল প্রদান | ৬,২৫০/- |
| ২৭ | মোঃ মকলেছার রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা এপ্রিল/২৪ মাসের আংশিক ভ্রমণ বিল প্রদান | ৫,০০০/- |
| ২৮ | লক্ষী রানী বর্মন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা এপ্রিল/২৪ মাসের আংশিক ভ্রমণ বিল প্রদান | ৫,০০০/- |
| ২৯ | হিসাব নং-১৯০৫২০০০০১৫১৪ খাতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর | ৮,০০,০০০/- |
| ৩০ | মোঃ কামরুজ্জামান, গাড়ী চালক, উপজেলা পরিষদ, বোদা উপজেলা পরিষদ অফিসের জীপ গাড়ীর টায়ার ক্রয় বাবদ বিল প্রদান | ২০,৫০০/- |
| ৩১ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ১০% ভ্যাট কর্তন | ২,৫০০/- |
| ৩২ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৩% আয়কর কর্তন | ২,০০০/- |
| ৩৩ | মোঃ কামরুজ্জামান, গাড়ী চালক, উপজেলা পরিষদ, বোদা উপজেলা পরিষদ অফিসের জীপ গাড়ীর টায়ার ক্রয় বাবদ বিল প্রদান | ২০,৫০০/- |
| ৩৪ | কোড নং-১-১১৩৩-০০৪৫-০৩১১ খাতে ঐ কাজের ১০% ভ্যাট কর্তন | ২,৫০০/- |
| ৩৫ | কোড নং-১-১১৪১-০০৬৫-০১১১ খাতে ঐ কাজের ৩% আয়কর কর্তন | ২,০০০/- |

সিদ্ধান্ত : আলোচনান্তে রাজস্ব তহবিলের অর্থ থেকে পরিশোধিত উল্লিখিত ব্যয় সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ফারুক আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোদা, পঞ্চগড়

উপজেলা পরিষদ কার্যালয়
বোদা, পঞ্চগড়।

স্মারক নং ঃ ০৫.৪৭.৭৭২৫.০০০.০৬.০২০.২১-২৮৩/সি

তারিখ ঃ ২৭ আষাঢ় ১৪৩১
১১ জুলাই ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। এ্যাডভোকেট মোঃ নূরুল ইসলাম সুজন, জাতীয় সংসদ সদস্য, ২-পঞ্চগড়-২।
২। জেলা প্রশাসক, পঞ্চগড়।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা, পঞ্চগড়।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা, পঞ্চগড়।
৬। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), বোদা, পঞ্চগড়।
৭। চেয়ারম্যান...........................................ইউপি (সকল), বোদা, পঞ্চগড়।
৮। জনাব/বেগম .......................................................... বোদা, পঞ্চগড়।

১১/০৭/২০২৪

মোঃ শাহরিয়ার নজির
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বোদা, পঞ্চগড়।
০২৫৮৯৯৪২৩১২
email- unoboda@mopa.gov.bd